# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13. DEC 1992
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ২ ...

49

## বি এম কলেজে অধ্যক্ষের কক্ষে হামলা

বরিশাল অফিস ॥ সরকারী বি, এম কলেজের আসন্ন ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র ঐক্যের ভি, পি'র নাম প্রার্থী তালিকা হইতে বাদ পড়ায় ঐ সংগঠনের

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## অধ্যক্ষের কক্ষে হামলা

([illegible] পৃঃ পর)

কর্মীরা গতকাল (শনিবার) অধ্যক্ষের কক্ষে হামলা চালাইয়া জানালার কাঁচ, চেয়ার ও আসবাবপত্র ভাংচুর করে। তাহাদের হাতে অধ্যক্ষসহ ২০/২৫ জন শিক্ষক দীর্ঘক্ষণ ঐ কক্ষে জিম্মী হইয়া পড়েন। পুলিশ ঘটনাস্থলে ছুটিয়া গেলে কতিপয় ছাত্র পুলিশকে জোরপূর্বক ক্যাম্পাসের বাহিরে পাঠাইয়া দেয়। এই পরিস্থিতি চলাকালে প্রশাসনিক ভবনকে লক্ষ্য করিয়া একটি ককটেল ফাটানো হয়। ভি,পি অবিনাশ পাইকের নাম প্রার্থী তালিকায় প্রকাশিত হওয়ার পর গত শুক্রবার এক নোটিশ মারফত নির্বাচন পরিচালনা কমিটি ঐ নাম বাতিল করেন। অধ্যক্ষ জানান, একজন সমর্থনকারী দুইজন ভি,পি প্রার্থীর মনোনয়নপত্রে স্বাক্ষর করায় উভয় মনোনয়নপত্র বাতিল হইয়াছে। ঐ সংগঠনের নেতৃবৃন্দ জানান, বাছাই শেষে দুই দফা প্রার্থী তালিকা প্রকাশের পর ঐ নাম বাতিল 'ষড়যন্ত্রমূলক'। তাহারা নাম অন্তর্ভুক্তির দাবী জানাইয়াছে।